ট্রেনের ছাদে ভ্রমণ করলেই জেল

জীবনের ঝুঁকি নিয়ে ট্রেনের ছাদে ভ্রমণ করা এদেশে যেন নিয়মিত ঘটনা হয়ে দাঁড়িয়েছে। যে কারণে প্রায়দিনই ট্রেনের ছাদ থেকে পড়ে মৃত্যু কিংবা ছিনতাইয়ের মতো ঘটনার খবর আসছে। ঈদের সময় ছাদে ভ্রমণ সীমা ছাড়িয়ে যায়। এবার থেকে ট্রেনের ছাদে উঠে ভ্রমণ করলে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে। আগামী ১ সেপ্টেম্বর থেকে এভাবে ঝুঁকি নিয়ে কোনো ব্যক্তি ট্রেনে ভ্রমণ করলে তাকে জরিমানাসহ এক বছর পর্যন্ত কারাদণ্ড দেওয়া হবে।

রেলপথ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ট্রেনের ছাদে ভ্রমণ ঝুঁকিপূর্ণ, অনিরাপদ এবং দণ্ডনীয় অপরাধ। এভাবে ছাদে ভ্রমণের কারণে যে কোনো মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে। এর ফলে ভ্রমণকারীর মৃত্যু পর্যন্ত হতে পারে। ছাদে ভ্রমণের কারণে ট্রেন চলাচলে বিলম্বিত হয়ে স্বাচ্ছন্দ্য বিঘ্নিত হয় এবং সরকারি মূল্যবান সম্পদ ক্ষতিগ্রস্ত হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ছাদে ভ্রমণকারী এবং ভ্রমণে উৎসাহ ও সহযোগিতা প্রদানকারী সমান অপরাধী। আগামী ১ সেপ্টেম্বর থেকে ছাদে ভ্রমণকারীদের বিরুদ্ধে রেলওয়ে কর্তৃপক্ষ কঠোর আইনানুগ ব্যবস্থা নেবে। এ অবস্থায় যাত্রীদের ছাদে ভ্রমণ না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

এরপরেও যদি কেউ ট্রেনের ছাদে ভ্রমণ করেন, তবে শাস্তি সম্পর্কে বিজ্ঞপ্তিতে জানানো হয়, ১৮৯০ সালের রেলওয়ে আইনের ১২৯ নম্বর ধারা অনুযায়ী ‘যদি কোনো ব্যক্তি বিপজ্জনক বা বেপরোয়া কার্যের দ্বারা অথবা অবহেলা করে কোনো যাত্রীর জীবন বিপন্ন করে, তবে তার এক বছর পর্যন্ত কারাদণ্ড অথবা জরিমানা কিংবা উভয় প্রকার দণ্ডে দণ্ডিত হতে পারে।